

ইয়াকুব (আঃ) দৃষ্টিশক্তি ফিরে পেলেন

.....

যথাসময়ে কাফেলা দীর্ঘ সফর শেষে
বাড়ীতে পৌঁছল এবং বড়ভাই ইয়াহূদা
ছুটে গিয়ে পিতাকে ইউসুফের সুসংবাদ
দিলেন। অতঃপর ইউসুফের প্রদত্ত
জামা পিতার মুখের উপরে রাখলেন।
আল্লাহর ইচ্ছায় সাথে সাথে তাঁর
দৃষ্টিশক্তি ফিরে এল। খুশীতে উদ্বেলিত
ও আনন্দে উৎফুল্ল বৃদ্ধ পিতা বলে

উঠলেন, 'আমি কি বলিনি যে,
আল্লাহর নিকট থেকে আমি যা জানি,
তোমরা তা জানো না'। অর্থাৎ ইউসুফ
জীবিত আছে এবং তার সাথে আমার
সাক্ষাত হবে, এ খবর আল্লাহ আমাকে
আগেই দিয়েছিলেন। বিষয়টির
কুরআনী বর্ণনা নিম্নরূপ:

فَلَمَّا أَنْ جَاءَ الْبَشِيرُ أَلْقَاهُ عَلَىٰ وَجْهِهِ فَارْتَدَّ بَصِيرًا
قَالَ أَلَمْ أَقُلْ لَكُمْ إِنِّي أَعْلَمُ مِنَ اللَّهِ مَا لَا تَعْلَمُونَ-

(-۱۶) (يوسف)

‘অতঃপর যখন সুসংবাদ দাতা

(ইয়াহূদা) পৌঁছল, সে জামাটি তার

(ইয়াকূবের) চেহারার উপরে রাখল।

অমনি সে তার দৃষ্টিশক্তি ফিরে পেল

এবং বলল, আমি কি তোমাদের বলিনি

যে, আমি আল্লাহর পক্ষ থেকে যা

জানি, তোমরা তা জানো না’? (ইউসুফ

১২/৯৬)।